



আপনার 311 ইঁদুরের অভিযোগের কী হয়?

311 এ আমি একটি ইঁদুরের অভিযোগের জমা দেওয়ার পর কী হয়?

আপনার অভিযোগ নিউ ইয়র্ক সিটি (New York City, NYC) স্বাস্থ্য ও মানসিক স্বাস্থ্যবিধি (স্বাস্থ্য বিভাগ) এর কাছে পাঠানো হবে। স্বাস্থ্য বিভাগ অভিযোগ পাওয়ার দু সপ্তাহের মধ্যে সম্পত্তিটি পরিদর্শন করে দেখবে, যদিনা সাম্প্রতিক কালে পরিদর্শন করা হয়ে থাকে। আপনার অভিযোগ জমা দেওয়ার আগে, nyc.gov/rats দেখুন, এবং সম্পত্তিটি সাম্প্রতিক কালে পরিদর্শন করা হয়েছে কিনা দেখার জন্য রাস্তার ঠিকানা লিখুন। একটি পরিদর্শনের পর শীঘ্ৰই জমা দেওয়া আৱেকটি অভিযোগ এটিৱ একটি অনুৰূপ বলে বিবেচিত হবে এবং এৱ ফলে অন্য কোন পরিদর্শন করা হবে না।

যখন অভিযোগ জমা দেবেন, রাস্তার ঠিকানা এবং সম্পত্তিটিতে কোথায় ইঁদুরের কার্যকলাপ লক্ষ্য করা গেছে, সেই তথ্য সহ যত সম্ভব বেশি করে অবস্থানের তথ্য অন্তর্ভুক্ত করার ব্যাপারে নিশ্চিত থাকবেন। যদি অবস্থানের যথেষ্ট পরিমাণ তথ্য অভিযোগে সরবরাহ করা না হয়, তাহলে স্বাস্থ্য বিভাগ সম্পত্তিটি পরিদর্শন করবে না। এছাড়াও, যদি আপনি একটি বিল্ডিংয়ের মধ্যে বা পরিদর্শকের কাছে অ্যাক্সেসযোগ্য নয় এমন এলাকার অবস্থা রিপোর্ট করে থাকেন, আপনার একটি যোগাযোগ প্রদান করা উচিত (যেমন একজন দখলদার বা প্রতিবেশী) যিনি পরিদর্শককে অ্যাক্সেস দিতে পারেন।

প্রাথমিক পরিদর্শনের সময় পরিদর্শকরা কী দেখবেন?

স্বাস্থ্য বিভাগের পরিদর্শকরা সম্পত্তিটিতে ইঁদুরের চিহ্ন আছে কিনা বা ইঁদুরকে আকর্ষণ করে এমন অবস্থা চিহ্নিত করতে বাইরের দিক পরিদর্শন করবে। যদি কোনো চিহ্ন বা আকর্ষণ করে এমন অবস্থা সেখানে না থাকে, তাহলে সম্পত্তিটি পরিদর্শনে পাস করে যাবে এবং **311** অভিযোগটি বন্ধ হয়ে যাবে। যদি কোনো ইঁদুরের চিহ্ন বা ইঁদুরকে আকর্ষণ করে এমন অবস্থা সেখানে পরিদর্শনের সময় থাকে, তাহলে সম্পত্তিটি পরিদর্শনে ব্যর্থ হবে।

ইঁদুরের কার্যকলাপের চিহ্নগুলি কী কী?

- ট্র্যাক
- টাটকা ফোটা
- ইঁদুরের গর্ত (মাটির বা কাঠামোগত)
- সক্রিয় ইঁদুরের চলাচলের পথ
- টাটকা কিছু কামড়ে থাওয়ার চিহ্ন
- জীবিত বা মৃত ইঁদুর

ইঁদুরকে আকর্ষণ করে এমন অবস্থাগুলি কী কী?

- উন্মুক্ত বা অব্যবহৃত আবর্জনা - ইঁদুরকে আকর্ষণ করে এবং ইঁদুর তা খায়
- আশ্রয়স্থলের অবস্থা, যেমন বিশৃঙ্খলা বা গাছপালার অতিবৃদ্ধি - ইঁদুরের জন্য আশ্রয় এবং বাসস্থান প্রদান করে

যখন একটি সম্পত্তি প্রাথমিক পরিদর্শনের সময় ব্যর্থ হয় তখন কী ঘটে?

যখন একটি সম্পত্তি প্রাথমিক পরিদর্শনের সময় ব্যর্থ হয় তখন স্বাস্থ্য বিভাগ সম্পত্তির মালিককে একজন কমিশনারের বন্ধ করার আদেশ (Commissioner's Order to Abate, COTA) পাঠায়। COTA -তে পরিদর্শনের রিপোর্ট থাকবে যার ফলাফলগুলি বিশদ হবে এবং কিভাবে প্রাসঙ্গিক যোগাযোগের তথ্য সহ সমস্যাযুক্ত অবস্থার সমাধান করা যায় সে বিষয়ে নির্দেশনা থাকবে। সম্পত্তির মালিক সমস্যা সমাধানে সাহায্যের জন্য অথবা অনুসন্ধানের বিরোধিতা করার জন্য স্বাস্থ্য বিভাগের সাথে যোগাযোগ করতে পারেন।

সম্পত্তির মালিকের কাছে কমপক্ষে পাঁচ দিন আছে হয় অবস্থা ঠিক করবেন না হয় সাহায্যের জন্য স্বাস্থ্য বিভাগের সাথে যোগাযোগ করবেন। যদি একবার অবস্থা বোঝা যায়, তারপর একজন পরিদর্শক একটি ফলো-আপ (সম্মতি) পরিদর্শন পরিচালনা করবেন। যদি কোনো ইঁদুরের চিহ্ন বা ইঁদুরকে আকর্ষণ করে এমন অবস্থা স্থানে পরিদর্শনের সময় না থাকে, তাহলে সম্পত্তি পরিদর্শনের সম্মতি পেয়ে পাস করবে। আর যদি কোনো চিহ্ন বা আকর্ষণ করে এমন অবস্থা স্থানে থাকে, তাহলে সম্পত্তি পরিদর্শনের সম্মতি পেতে ব্যর্থ হবে।

পরিদর্শনের সম্মতি পাওয়ার পর কী ঘটে?

যদি সম্পত্তিটি পরিদর্শনের সম্মতি পেয়ে পাস করে, তাহলে **311** অভিযোগটি বন্ধ হয়ে যায় এবং কোনো কোন সমন জারি করা হয় না।

যদি সম্পত্তিটি পরিদর্শনের সম্মতি পেতে ব্যর্থ হয়, তাহলে সম্পত্তির মালিক প্রশাসনিক বিচার এবং শুনানির (Office of Administrative Trials and Hearings, OATH) অফিসে শুনানির জন্য একটি সমন পাবেন। OATH শুনানি সম্পর্কিত আরও তথ্য nyc.gov/oath এখানে উপলব্ধ।

যদি সম্পত্তির মালিক তাদের সম্পত্তিটিতে ইঁদুরের কার্যকলাপ কমানোর জন্য কোনো পদক্ষেপ না নেন তাহলে কী হবে?

যখন মালিক তা করতে ব্যর্থ হয় তখন স্বাস্থ্য বিভাগ ইঁদুরের কার্যকলাপ মোকাবিলায় ব্যবস্থা নিতে পারে। যদি মালিককে বিল করা হবে যদি স্বাস্থ্য বিভাগের প্রয়োজন হয়:

- অতিরিক্ত সম্মতি পরিদর্শন করার
- সম্পত্তি বেট করা বা পর্যবেক্ষণ পরিদর্শন পরিচালনা করার
- আশ্রয়স্থলের অবস্থা পরিষ্কার করার

পরিদর্শনের সম্মতি পেতে ব্যর্থ হওয়ার জন্য সম্পত্তির মালিককে কত টাকার জরিমানা করা হবে?

সমস্ত জরিমানা OATH দ্বারা মূল্যায়ন করা হয়। যেসব সম্পত্তির মালিক তাদের শুনানিতে হাজির হন না বা তাদের জরিমানা ঠিকমত দেন না তাদের জরিমানা OATH দ্বারা দ্বিগুণ হতে পারে। জরিমানা কমপক্ষে \$300 এবং সর্বোচ্চ \$2,000 হয়।

একটি 311 অভিযোগ সম্পন্ন করার জন্য জন্য মোট সময় কত?

একটি সম্পত্তি যা পরিদর্শনের সম্মতি পেতে ব্যর্থ হয়, সেই সম্পর্কিত সমস্ত অনুসৃত কার্যকলাপ সম্পূর্ণ করতে 90 দিন পর্যন্ত সময় লাগতে পারে। যদি 90 দিনের মধ্যে একটি সম্পত্তি সম্পর্কে একাধিক অভিযোগ করা হয়, একটি পরিদর্শন চক্র সাধারণত ঘটে এবং অতিরিক্ত অভিযোগগুলি অনুরূপ হিসাবে বিবেচিত হয়। পরিদর্শনের ফলাফল এবং ফলো-আপ করা কার্যকলাপ দেখতে NYC Rat Information Portal এখানে যান।